

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০০৬.১৮. ১৬৪

২২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ-----
০৫ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঞ্জামারা, বগুড়া পরিদর্শন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নৈতিকতা কমিটির ২৮-০৯-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঞ্জামারা, বগুড়ার গুণগতমান উন্নয়নে পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ৩ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক গত ১২ মার্চ ২০২২ তারিখে বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঞ্জামারা, বগুড়া সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত পরিদর্শন প্রতিবেদন নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ রবিউল আলম)
উপসচিব

ফোন-৫৫১০০৬৯০

me2@mefwd.gov.bd

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩ শাখা)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০০৬.১৮. ১৬৪

২২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ-----
০৫ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। অধ্যক্ষ, বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঞ্জামারা, বগুড়া
- ৪। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৫। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(মোঃ রবিউল আলম)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৩৩.০০৬.১৮. ১৬৯

২২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ-----
০৫ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঞ্জামারা, বগুড়া পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নৈতিকতা কমিটির ২৮-০৯-২০২১খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঞ্জামারা, বগুড়ার গুণগতমান উন্নয়নে পরিবীক্ষণ কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত অনুসারে অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক গত ১২ মার্চ ২০২২ তারিখে বর্ণিত মেডিকেল কলেজটি সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নোক্তভাবে সুপারিশ করা হয়েছেঃ

- (ক) বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত) অনুসারে মেডিকেল কলেজ হাসপাতালের নিজস্ব নামে আরও ০.৩১ একর জমি রেজিস্ট্রিসহ নামজারি সম্পন্ন করার সুপারিশ হলো;
- (খ) এ সংক্রান্ত নীতিমালার ২.২ অনুচ্ছেদ অনুসারে মেডিকেল কলেজে ৫০ আসনের শিক্ষার্থীর জন্য ১,০০,০০০ বর্গফুট হারে ১৫০ আসনের জন্য সর্বমোট ৩,০০,০০০ বর্গফুট ফ্লোরস্পেস প্রয়োজন। সে হিসেবে মেডিকেল কলেজে আরও ৯,০০০ (নয় হাজার) বর্গফুট একাডেমিক ফ্লোরস্পেস বৃদ্ধির সুপারিশ করা হলো;
- (গ) যে সকল বিভাগে শিক্ষক স্বল্পতা আছে, সে সকল বিভাগে শিক্ষক নিয়োগ প্রদানের সুপারিশ করা হলো। বিশেষ করে প্রভাষকের শূন্য পদে দ্রুত নিয়োগ প্রদানের সুপারিশ করা হলো;
- (ঘ) প্রতি আর্থিক বছর শেষে রেজিস্টার্ড অডিট ফর্ম দ্বারা অডিট সম্পন্ন করে নিয়মিতভাবে মন্ত্রণালয় এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে জমা প্রদান করার সুপারিশ করা হলো;
- (ঙ) মেডিকেল কলেজ কর্তৃক গৃহীত পরবর্তী ০৩ (তিন) মাসের উন্নয়ন প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের সুপারিশ করা হলো।

০২। এমতাবস্থায়, উক্ত পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহ আগামী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথভাবে প্রতিপালন করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ রবিউল আলম)
উপসচিব

ফোন নং-৯৫৪০৬৯০

me2@mefwd.gov.bd

অধ্যক্ষ

বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ
ঠেঞ্জামারা, বগুড়া

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম সরনী (৮৬ বিজয়নগর), ঢাকা
- ৬। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ